গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-৩৭.০০.০০০০.০৭১.০৪.০০২.০২ (অংশ)-**১০০৯**

তারিখ ঃ ২০ অগ্রহায়ণ ১৪২১ বঙ্গাব্দ
০৪ ডিসেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

বিষয় ঃ সরকারি/বেসরকারি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়সমূহের ২০১৫ শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি অনুমোদন।

সূত্র ঃ মাউশি অধিদপ্তরের স্মারক নং-ওএম/১৮৮-সম/২০০২/১৫৮০-সম; তারিখ ঃ ২৪/১১/২০১৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি/বেসরকারি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়সমূহের ২০১৫ শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি সরকার নিম্নোক্তভাবে অনুমোদন করেছে ঃ

| ক্রমিক | পর্বের নাম | তারিখ ও দিন | তারিখ বঙ্গাব্দ | দিন সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | * ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) | ০৪ জানুয়ারি, রবিবার, ২০১৫ | ২১ পৌষ, ১৪২১ | ০১ দিন |
| ২. | শ্রী শ্রী সরস্বতী পূজা | ২৫ জানুয়ারি, রবিবার, ২০১৫ | ১২ মাঘ, ১৪২১ | ০১ দিন |
| ৩ | *ফাতেহা-ই-ইয়াজ দাহম | ০১ ফেব্রুয়ারি, রবিবার, ২০১৫ | ১৯ মাঘ, ১৪২১ | ০১ দিন |
| ৪. | *মাঘী পূর্ণিমা | ০৩ ফেব্রুয়ারি, মঙ্গলবার, ২০১৫ | ২১ মাঘ, ১৪২১ | ০১ দিন |
| ৫. | শ্রী শ্রী শিবরাত্রি ব্রত | ১৭ ফেব্রুয়ারি, মঙ্গলবার, ২০১৫ | ০৫ ফাল্গুন, ১৪২১ | ০১ দিন |
| ৬. | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারি, শনিবার, ২০১৫ | ০৯ ফাল্গুন, ১৪২১ | ০১ দিন |
| ৭. | শুভ দোলযাত্রা | ০৫ মার্চ, বৃহস্পতিবার, ২০১৫ | ২১ ফাল্গুন, ১৪২১ | ০১ দিন |
| ৮. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস | ১৭ মার্চ, মঙ্গলবার, ২০১৫ | ০৩ চৈত্র, ১৪২১ | ০১ দিন |
| ৯. | স্বাধীনতা ও জাতীয় দিবস | ২৬ মার্চ, বৃহস্পতিবার, ২০১৫ | ১২ চৈত্র, ১৪২১ | ০১ দিন |
| ১০. | ইস্টার সানডে | ০৫ এপ্রিল, রবিবার, ২০১৫ | ২২ চৈত্র, ১৪২১ | ০১ দিন |
| ১১. | বাংলা নববর্ষ | ১৪ এপ্রিল, মঙ্গলবার, ২০১৫ | ০১ বৈশাখ, ১৪২২ | ০১ দিন |
| ১২. | মে দিবস | ০১ মে, শুক্রবার, ২০১৫ | ১৮ বৈশাখ, ১৪২২ | ০০ দিন |
| ১৩. | *বুদ্ধ পূর্ণিমা (বৈশাখি পূর্ণিমা) | ০৩ মে, রবিবার, ২০১৫ | ২০ বৈশাখ, ১৪২২ | ০১ দিন |
| ১৪. | গ্রীষ্মকালীন অবকাশ,<br>*শব-ই-মিরাজ (১৭ মে) | ১৪ মে, বৃহস্পতিবার থেকে<br>২৮ মে, বৃহস্পতিবার পর্যন্ত, ২০১৫ | ৩১ বৈশাখ থেকে<br>১৪ জ্যৈষ্ঠ, ১৪২২ | ১৩ দিন |
| ১৫. | *শব-ই-বরাত | ০৩ জুন, বুধবার, ২০১৫ | ২০ জ্যৈষ্ঠ, ১৪২২ | ০১ দিন |
| ১৬. | *পবিত্র রমজান, *শব-ই-ক্বদর (১৫ জুলাই), জুমাতুল-বিদা (১৭ জুলাই), *ঈদ-উল-ফিতর (১৮ জুলাই) | ১৮ জুন, বৃহস্পতিবার থেকে ২১ জুলাই, মঙ্গলবার পর্যন্ত, ২০১৫ | ০৪ আষাঢ় থেকে<br>০৬ শ্রাবণ, ১৪২২ | ২৯ দিন |
| ১৭. | জাতীয় শোক দিবস | ১৫ আগস্ট, শনিবার, ২০১৫ | ৩১ শ্রাবণ,১৪২২ | ০১ দিন |
| ১৮. | শুভ জন্মাষ্টমী | ০৫ সেপ্টেম্বর, শনিবার, ২০১৫ | ২১ ভাদ্র, ১৪২২ | ০১ দিন |
| ১৯. | *পবিত্র ঈদ-উল-আযহা (২৪, ২৫ ও ২৬ সেপ্টেম্বর) | ২২ সেপ্টেম্বর মঙ্গলবার থেকে ২৯ সেপ্টেম্বর, মঙ্গলবার পর্যন্ত, ২০১৫ | ৭ আশ্বিন থেকে<br>১৪ আশ্বিন, ১৪২২ | ০৭ দিন |
| ২০. | *হিজরী নববর্ষ | ১৫ অক্টোবর, বৃহস্পতিবার, ২০১৫ | ৩০ আশ্বিন, ১৪২২ | ০১ দিন |
| ২১. | দুর্গাপূজা (বিজয়া দশমী, ২৩ অক্টোবর) *আশুরা (২৪ অক্টোবর), শ্রী শ্রী লক্ষ্মী পূজা (২৬ অক্টোবর), *প্রবারণা পূর্ণিমা (২৭ অক্টোবর) | ২০ অক্টোবর, মঙ্গলবার থেকে ২৭ অক্টোবর, মঙ্গলবার পর্যন্ত, ২০১৫ | ০৫ কার্তিক থেকে<br>১২ কার্তিক, ১৪২২ | ০৭ দিন |
| ২২. | শ্রী শ্রী শ্যামা পূজা | ১০ নভেম্বর, মঙ্গলবার, ২০১৫ | ২৬ কার্তিক, ১৪২২ | ০১ দিন |
| ২৩. | *আখেরি চাহার সোম্বা | ০৯ ডিসেম্বর, বুধবার, ২০১৫ | ২৫ অগ্রহায়ন, ১৪২২ | ০১ দিন |
| ২৪. | বিজয় দিবস | ১৬ ডিসেম্বর, বুধবার, ২০১৫ | ০২ পৌষ, ১৪২২ | ০১ দিন |
| ২৫. | শীতকালীন অবকাশ, *ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) (২৪ ডিসেম্বর) ও যিশু খ্রিস্টের জন্মদিন (বড় দিন, ২৫ ডিসেম্বর) | ১৯ ডিসেম্বর, শনিবার থেকে ২৬ ডিসেম্বর, শনিবার পর্যন্ত, ২০১৫ | ০৫ পৌষ থেকে<br>১২ পৌষ ১৪২২ | ০৭ দিন |
| ২৬. | প্রধান শিক্ষকের সংরক্ষিত ছুটি | | | ০৩ দিন |
| | | | **মোট** | **৮৫ দিন** |

*চাঁদ দেখার উপর নির্ভরশীল

চলমান পাতা-২

পরীক্ষার সময়সূচি-২০১৫

| পরীক্ষার নাম | তারিখ | দিন সংখ্যা | ফলাফল প্রকাশ |
|---|---|---|---|
| অর্ধ বার্ষিক/প্রাক নির্বাচনী | ০১ জুন, সোমবার থেকে ১৭ জুন, বুধবার পর্যন্ত | ১৪ দিন | ২৮ জুলাই, মঙ্গলবার |
| নির্বাচনী পরীক্ষা | ০১ অক্টোবর,বৃহস্পতিবার থেকে ১৮ অক্টোবর রবিবার পর্যন্ত | ১৪ দিন | ০৫ নভেম্বর, বৃহস্পতিবার |
| বার্ষিক পরীক্ষা | ২৯ নভেম্বর, রবিবার থেকে ১৫ ডিসেম্বর, মঙ্গলবার পর্যন্ত | ১৪ দিন | ৩০ ডিসেম্বর, বুধবার |

১. শিক্ষাবর্ষ হবে ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর ২০১৫ খ্রিঃ পর্যন্ত । ১ম কর্মদিবস অর্থ্যাৎ ১ জানুয়ারি পাঠ্যপুস্তক দিবস হিসেবে উদযাপন করা হবে।

২. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার গুণগত মান বৃদ্ধিকল্পে উল্লিখিত পরীক্ষার সময়সূচি মোতাবেক অর্ধ-বার্ষিক পরীক্ষা, নির্বাচনী পরীক্ষা ও বার্ষিক পরীক্ষা গ্রহণ নিশ্চিত করবে এবং বার্ষিক পরীক্ষার উত্তরপত্র অন্তত ১ (এক) বছর সংরক্ষণ করতে হবে। প্রতি পরীক্ষার সময়কাল ১৪ দিনের বেশী হবে না ।

৩. স্ব-স্ব বিদ্যালয় পরীক্ষার প্রশ্নপত্র (পাবলিক পরীক্ষা ব্যতিত) নিজেরাই প্রণয়ন করবে। কোন অবস্থাতেই বাহির থেকে প্রশ্নপত্র ক্রয় করে পরীক্ষা নেয়া যাবে না।

৪. পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা যাবে না। তবে কোন বিশেষ কারণে পরীক্ষার তারিখ পরিবর্তন করতে হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

৫. সাপ্তাহিক ছুটি (শুক্রবার) ব্যতীত বছরে মোট ছুটি ৮৫ দিন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক যে সকল দিনকে সাধারণ ছুটি **(পাবলিক হলিডে)** এবং নির্বাহী আদেশে সরকারি ছুটি বলে ঘোষণা করা হবে সে সকল দিন উক্ত ৮৫ দিনের অন্তর্ভুক্ত হবে।

৬. কোন সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে বিদ্যালয় ছুটি দেয়া যাবেনা এবং সংবর্ধনা /পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা যাবে না এবং সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।

৭. ছুটিকালীন সময়ে অনুষ্ঠেয় ভর্তি/অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে বিদ্যালয় খোলা রাখতে হবে।

৮. উপবৃত্তি, ভর্তি পরীক্ষা, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা/জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা ইত্যাদির প্রয়োজনে বিদ্যালয় খোলা রাখতে হবে।

৯. এস. এস. সি পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্র ব্যতীত অন্যান্য বিদ্যালয়সমূহে যথারীতি শ্রেণি কার্যক্রম চালু থাকবে।

১০. প্রত্যেক বিদ্যালয়ে দৈনিক পাঠের বিবরণী নামে ডায়েরী ছাপাতে হবে এবং শিক্ষার্থীদের মধ্যে তা বিলি করতে হবে। এ ডায়েরীতে ছাত্র/ছাত্রী পরিচিতি, অভিভাবকদের প্রতি পরামর্শ, ছাত্র/ছাত্রীদের আচরণ বিধি, শিক্ষকদের নাম ও শিক্ষাগত যোগ্যতা ধর্মীয় ও নৈতিক শিক্ষার জরুরী নির্দেশাবলী, ছুটির তালিকা এবং ক্লাস রুটিন (এতে প্রতিদিন অভিভাবকের স্বাক্ষর নিতে হবে) অন্তর্ভুক্ত থাকবে ।

১১. জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ দিবস যথা: ২১ ফেব্রুয়ারি, ১৭ মার্চ, ২৬ মার্চ, ১৫ আগস্ট ও ১৬ ডিসেম্বর ক্লাস বন্ধ থাকবে। তবে সংশ্লিষ্ট দিবসের বিষয়ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে বিদ্যালয়ে দিবসটি উদ্‌যাপন করতে হবে।

১২. প্রতিটি বিদ্যালয়ে সরকার কর্তৃক ঘোষিত সৃজনশীল মেধা অন্বেষন দিবস পালন করতে হবে।

২। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৪/১/১৫

(মোঃ এনামুল কাদের খান)
উপসচিব
ফোন ঃ ৯৫৭৬৭৮০

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা

**অনুলিপি ঃ**

১। মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। যুগ্ম-সচিব (মাধ্যমিক/কলেজ/বিশ্ববিদ্যালয়/কারিগরি ও মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। যুগ্মসচিব (মাধ্যমিক-২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা